



ঢাকাই ছবির প্রধান দুই নায়ক এবার মুখোমুখি হচ্ছে কলকাতার বড় পর্দায়। পূজা উপলক্ষে মুক্তি পাচ্ছে রিয়াজ অভিনীত 'মনের মাঝে তুমি' এবং ফেরদৌস অভিনীত 'প্রতি-



হিংসা' ছবিটি। ইতিমধ্যে ফেরদৌস যদিও কলকাতায় শীর্ষস্থান দখল করে নিয়েছেন। তবে রিয়াজের এটিই প্রথম ছবি। ঢাকা ও কলকাতার দর্শকরা এখন আগ্রহে গ্রহণ গুণছেন কার ছবি ভালো চলে। এ নিয়ে টেনশনে নেই যে দুই নায়ক তাও নয়। এ ব্যাপারে ফেরদৌস বলেন, 'কলকাতায় আমার ছবি ভালো চলার ব্যাপারে আমার বিশ্বাস রয়েছে। তবে আমি চাই দুটি ছবি ভালো চলুক।'

মডেল
তিনি

১৮টি ছবির ব্যস্ত নায়িকা পলি মা হতে চলেছেন। এমন গুজব বাতাসে বাতাসে। এটা সত্যি হলে পথে বসে যাবেন এসব ছবির প্রযোজকেরা। পলি বলেছেন, 'সবই গুজব। আমার কেঁরিয়োর পতনের জন্য এমন খবর প্রচার করছে আমার শত্রুরা।' ফায়ার মার্কা ছবির নির্ভরযোগ্য নায়িকা পলির কথাই যেন সত্য হয়- এমন চাওয়া এই ১৮টি ছবির প্রযোজকদের।

কাজের চেয়ে ব্যক্তিগত

কাজের চেয়ে ব্যক্তিগত কারণে সবচেয়ে বেশি আলোচিত হয়েছেন এমন একজন শিল্পীর নাম বলতে বলা হলে সবার আগে আসবে মডেল তিন্মির নাম। যিনি কাজের চেয়ে ব্যক্তিগত কারণে সবচেয়ে বেশি আলোচিত হয়েছেন। প্রথমে তিনি আলোচনায় আসেন বিবাহিত বিষয়টি নিয়ে। পিয়ালকে বিয়ে করেছেন জানাজানি হলেও তিনি অস্বীকার করেন বিয়ে করেননি। এরপর ব্যক্তিগত আলোচনায় আসেন মা হওয়া নিয়ে। এ বিষয়টিও তিনি অস্বীকার করেন। চলচ্চিত্রে অভিনয় করা নিয়ে আলোচনা শেষ হতে না হতেই আবার আলোচনায় আসেন স্বামীর সঙ্গে ছাড়াছাড়ির বিষয়টি। স্বামী পিয়ালের সঙ্গেও ছাড়াছাড়ির পনেরো দিন যেতে না যেতেই জানা যায় তিন্মি বিয়ে করেছেন। স্বামী একজন সাবেক ছাত্রনেতা এবং সংসদ সদস্য। এখন তিনি তার সঙ্গেই ইস্কাটনের একটি বিলাসবহুল বাড়িতে আছেন। এই ছাত্রনেতার পর্নো ছবির নায়ক হিসেবেও পরিচিতি রয়েছে। তিন্মির সাথে যোগাযোগ করে তাকে পাওয়া যায়নি।



হেদ ও নাতাশা হায়াতের বিয়ে হচ্ছে এমন খবর সবার জানা। তবে তাদের এক ঘনিষ্ঠ সূত্রে জানা যায়, তাদের বিয়ের কথা পারিবারিকভাবে হবার কথা ছিল। কিন্তু নাতাশার মা বর্তমানে বিয়ের ব্যাপারে আপত্তি জানিয়েছেন। কারণ শাহেদ বাংলা ছবিতে অভিনয় করছেন। নাতাশার মা চান না বাংলা ছবির নায়ক তার জামাই হোক। যার জন্য শাহেদকে বাংলা ছবির অভিনয় ছাড়তে হবে। এখন শাহেদ কি নাতাশাকে বিয়ে করার জন্য বাংলা ছবিতে অভিনয় করা ছেড়ে দেবেন নাকি অভিনয় করবেন? এই প্রশ্ন এখন শাহেদের শুভাকাঙ্ক্ষীদেরও।

ঘোষণা

মান্না ঘোষণা দিয়েছেন, তিনি আর ছবি প্রযোজনা করবেন না। তার সর্বশেষ প্রযোজিত ছবি হবে 'দুই বধু এক স্বামী'। এফ আই মানিক পরিচালিত এই ছবিতে প্রথমবারের মতো মৌসুমী-শাবনূর অভিনয় করছেন। আর দীর্ঘদিন পর আজম খান প্লেব্যাক করেছেন এই ছবিতে। অর্থাৎ ছবিতে চমকের পর চমক রয়েছে। এবং মনে হচ্ছে আর ছবি প্রযোজনা না করার ঘোষণাটিও আরেকটি চমক। কারণ সূত্রমতে, মান্না সরাসরি ছবি প্রযোজনা না করলেও বড় ভাই পান্নাকে দিয়ে এই কাজটি অনায়াসেই করতে পারেন এবং তিনি এটাই করবেন। তাহলে এতো ঘোষণার দরকার কি? মান্না আরো ঘোষণা দিয়েছেন, নতুন বছর থেকে তিনি বছরে পাঁচটির বেশি ছবি করবেন না। তাহলে কি মান্নার হাতে ছবির সংখ্যা কমে আসছে!